সংবাদ

তারিখ 24 SEP 2016
পৃষ্ঠা ২৫ কলাম ২

# পাহাড়তলী সর. প্রা. স্কুলে পুরস্কার বিতরণী

প্রতিনিধি, রাউজান (চট্টগ্রাম)

‘শিক্ষিত মা সুরভিত ফুল প্রতিটি ঘরে হবে এক একটি স্কুল’ এই প্রতিপাদ্যের উপর ভিত্তি করে চট্টগ্রামের রাউজান উপজেলার ১৫৫নং পাহাড়তলী শেখপাড়া পরিজান সরকারি প্রাথমিক বিদ্যালেয় উদ্যোগে অভিভাবক সমাবেশ, কৃতি শিক্ষার্থী সংবর্ধনা ও পুরস্কার বিতরণী সভা অনুষ্ঠিত হয়। ২২ সেপ্টেম্বর, বৃহস্পিতিবার সকাল ১০ ঘটিকায় বিদ্যালয়ের সভা কক্ষে বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি আহম্মদ বশরের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন পাহাড়তলী ইউপি চেয়ারম্যান রোকন উদ্দিন। স্বাগত বক্তব্য প্রদান করেন প্রধান শিক্ষক মোঃ ইসমাঈল হোসেন, শুভেচ্ছা বক্তব্য রাখেন সিনিয়র শিক্ষিকা শিমুল আক্তার চৌধুরী। শিক্ষক রশিদ আহমদের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন পাহাড়তলী শেখপাড়া মিলাদুন্নবী (দঃ) উদযাপন পরিষদের সভাপতি আলহাজ রেজাউল করিম চৌধুরী, ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি নুরুন নবী, পাহাড়তলী নজরুল ক্লাবের প্রতিষ্ঠাতা কর্মকর্তা মোজাহেরুল হক চৌধুরী, সাংবাদিক গাজী জয়নাল আবেদীন, অভিভাবকের পক্ষে মনোয়ারা বেগম, কৃতী শিক্ষার্থীর পক্ষে নুরে সাদিয়া। সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, সাবেক ইউপি সদস্য ফজলুল কালাম চৌধুরী, প্রকৌশলী নুরুল আবছার, আহমদুল হক তালুকদার, শাহ আলম তালুকদার, মো. বশর, সাবেক ইউপি সদস্য আবদুল করিম চৌধুরী বাবু, ছাত্রলীগ নেতা মাহবুব বিল্লাহ, শিক্ষক সাইফুল ইসলাম, শিক্ষক গোপাল কৃষ্ণ দে, শিক্ষিকা রশ্মি চৌধুরী, নারগিছ আক্তার, রাত্রি চৌধুরী, ইউপি সদস্য কামরুল ইসলাম, ইউপি সদস্য বাসু দে, শাহাদাৎ হোসেন, ছাত্রলীগ নেতা মো. সুমন, নঈম উদ্দিন চৌধুরী, আবদুল্লাহ আল জাবেদ, মো. মাসুদ প্রমুখ। সভার শেষ পর্যায়ে চেয়ারম্যান ও ২০১৫ সালের সমাপনি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্তদের সংবর্ধনা, জাতীয় শোক দিবসে আয়োজিত রচনা প্রতিযোগীতায় ১ম, ২য় ও ৩য় স্থান প্রাপ্তদের পুরস্কার বিতরণ এবং সভাপতির অর্থায়নে ২০ জন গরিব শিক্ষার্থীকে ইউনিফর্ম প্রদান করা হয়। সভায় বক্তারা বলেন, অভিভাবকদের দায়িত্বশীল ভুমিকা পালনে আজকের এই শিশুরা হতে পারে আগামী দিনের দেশের ও জাতির কর্ণধার। প্রধান অতিথির বক্তব্যে চেয়ারম্যান রোকন উদ্দিন স্থানীয়